

জাহেদ কাগজ

ঢাকা ■ সোমবার ■ ৮ মার্চ ২০২১



৫. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সদর দপ্তরের সামনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক দিয়ে শ্রদ্ধা



বারিতে ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপিত

নানা আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে গতকাল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ দিবস উদযাপিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে দিনব্যাপী কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, বিশেষ মোনাজাত বা প্রার্থনা এবং দিনব্যাপী বঙ্গবন্ধুর ৭ই মার্চ ও অন্যান্য ভাষণ প্রচার।

সকাল বারির মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলামের নেতৃত্বে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়। এরপর বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের গুরুত্ব ও তাৎপর্যের ওপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ড. এসএম শরিফুজ্জামানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারির মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক (পরিচালনা ও মূল্যায়ন) ড. মো. কামরুল হাসান, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মুহাম্মদ সামসুল আলম, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলামসহ বারির সবস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক, বারি বিজ্ঞানী সমিতি (বারিসা), বারি কর্মচারী কল্যাণ সমিতির (বারিকা) নেতারা।

প্রধান অতিথির বক্তব্যে বারির মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম বলেন, বঙ্গবন্ধু ৭ই মার্চের ভাষণের মাধ্যমে এ দেশের মানুষকে স্বাধীনতা সংগ্রামে উজ্জীবিত করেছিলেন। যার ফলে দেশের সাধারণ মানুষ মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। তার এই ভাষণের মধ্যেই ছিল বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা ও স্বাধীনতার সংগ্রামের পথ নির্দেশিকা। তাই এ দেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ চিরস্মরণীয় হয়ে থাকবে। সংবাদ বিজ্ঞপ্তি

